

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট) শাখা ছাত্রলীগের দুই পক্ষের সংঘর্ষের পর বন্ধ ক্যাম্পাস ছেড়েছেন নারী শিক্ষার্থীরা। আগের দিন মঙ্গলবার ছাত্ররা ক্যাম্পাস ছাড়ার পর গতকাল বুধবার ছাত্রীরা ক্যাম্পাস ছাড়েন। অভিযোগ রয়েছে, চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দীন এবং শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেলের অনুসারীদের মধ্যে সংঘর্ষ বাঁধে। গত শনিবার থেকে মঙ্গলবার পর্যন্ত দুই পক্ষের মধ্যে দফায় দফায় মারামারি হয়।

#### বিজ্ঞাপন

দেশীয় অস্ত্র নিয়ে মহড়াসহ নানা ঘটনার জেরে পরিস্থিতি সামাল দিতে চুয়েট কর্তৃপক্ষ ক্যাম্পাস বন্ধ ঘোষণা করে। ছাত্ররা ক্যাম্পাস ত্যাগের পর গতকাল ছাত্রীদের হল ত্যাগের নির্ধারিত সময় ছিল সকাল ১০টা। বর্তমানে ক্যাম্পাস শান্ত রয়েছে। তবে কিছুসংখ্যক শিক্ষার্থীকে রাতে হলে অবস্থান করতে দেখা গেছে।

এদিকে সংঘর্ষের চার দিন পরও মামলা হয়নি।